# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭৩

তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭২০ তম কমিশন সভা অদ্য ২৫/০২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

দি সিটি ব্যাংক লিমিটেড এর ৩০০ কোটি টাকার Fully Redeemable Non-convertible Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৩ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non Convertible, Fully redeemable, Unsecured, Unlisted, Zero Coupon Bond। বন্ডটি ০৩ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে দি সিটি ব্যাংক লিমিটেড কোম্পানীর মূলধন ভিত্তি শক্তিশালী (Capital Base strengthen) করার কাজে ব্যবহার করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০০/- (পাঁচ) হাজার টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং লীড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড কাজ করছে।

২৫/০২/২০২০
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।